সমকাল

তারিখ 13 DEC 2015
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ঈশ্বরগঞ্জে মাদ্রাসায় তালা, নান্দাইলে পরীক্ষা বর্জন শিক্ষার্থীদের

■ সমকাল ডেস্ক

ঈশ্বরগঞ্জে একটি মাদ্রাসায় দপ্তরি নিয়োগে উৎকোচ গ্রহণের অভিযোগে ওই মাদ্রাসার অফিস কক্ষে তালা ঝুলিয়ে দেয় শিক্ষার্থীরা। অন্যদিকে নান্দাইলে একটি মাদ্রাসা পরিচালনা কমিটির সদস্যকে লাঞ্ছিত করার প্রতিবাদে ওই মাদ্রাসার শিক্ষার্থীরা তাদের বার্ষিক পরীক্ষা বর্জন করে বিক্ষোভ করেছে। প্রতিনিধিদের পাঠানো খবর :

> নিয়োগে উৎকোচ ও কমিটির সদস্য লাঞ্ছিতের ঘটনা

ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) : ঈশ্বরগঞ্জের মাইজবাগ ইউনিয়নের রাউলের চর আলিম মাদ্রাসার অফিস কক্ষে তালা ঝুলিয়ে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা। উৎকোচের বিনিময়ে দপ্তরি নিয়োগ চেষ্টার প্রতিবাদে তারা অফিস কক্ষে তালা লাগিয়ে দেয়। এ অবস্থায় পুলিশ ঘটনাস্থলে পৌঁছে নিয়োগ প্রক্রিয়াটি ইউএনওর মাধ্যমে স্থগিত করার আশ্বাস দিলে সাড়ে তিন ঘণ্টা পর মাদ্রাসার অফিস কক্ষের তালা খুলে দেওয়া হয়। এরপর শুরু হয় মাদ্রাসার শিক্ষার্থীদের চলমান বার্ষিক পরীক্ষা কার্যক্রম। গত ৮ ডিসেম্বর রাউলের চর আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক মৌলভি ও দপ্তরি নিয়োগের জন্য উপজেলা পরিষদে নিয়োগ পরীক্ষার আয়োজন করা হয়। এদিকে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ এলাকাবাসী মাদ্রাসা কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে মাদ্রাসার পাশের বাড়ির আবদুল মোতালিবের ছেলে আমিনুল ইসলামকে নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত নেন। নিয়োগ পাওয়ার বিনিময়ে আমিনুল ইসলাম মাদ্রাসার মাঠের সঙ্গে তাদের ১৩ শতক জমি দান করে দেন। এ অবস্থায় আমিনুল ইসলামকে নিয়োগ না দিয়ে উৎকোচের বিনিময়ে মাহমুদ হাসান নামে একজনকে পরীক্ষার মাধ্যমে নিয়োগ দেওয়ার চেষ্টা করে মাদ্রাসা কর্তৃপক্ষ। মাদ্রাসায় জমি দান করেও নিয়োগ না পাওয়ায় শনিবার আমিনুল ইসলামের পক্ষের লোকজন মাদ্রাসার প্রবেশপথে তাদের জায়গায় বেড়া দিয়ে দেন।

নান্দাইল (ময়মনসিংহ) : নান্দাইল উপজেলার নিভিয়াঘাটা মাদ্রাসার পরিচালনা কমিটির বয়োবৃদ্ধ এক সদস্যকে লাঞ্ছিত করার বিচার দাবিতে ওই মাদ্রাসার শিক্ষার্থীরা শনিবার বার্ষিক পরীক্ষা বর্জন করে বিক্ষোভ করে। ওই ফাজিল মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্য মাওলানা খুরশেদ আলম গত বৃহস্পতিবার লাঞ্ছিত হন।